দৈনিক বাংলা

তারিখ ... 03 JUN 1991 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ...

### শিক্ষা ও গণতন্ত্র শীর্ষক সেমিনার

# শিক্ষাঙ্গনে অস্ত্রবাজিই এখন বড় সমস্যা

।। স্টাফ রিপোর্টার ।।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম শামসুল হক বলেছেন, শিক্ষাঙ্গনে এ মুহূর্তের বড় সমস্যা হচ্ছে বলপ্রয়োগ ও অস্ত্রের ঝনঝনানি। গণতন্ত্রের প্রতি আমাদের অঙ্গীকার যদি আন্তরিক হয় তবে দল ও ব্যক্তিস্বার্থের উর্ধ্বে উঠতে হবে। শিক্ষাঙ্গনে অস্ত্রবাজি ও সন্ত্রাস বন্ধের লক্ষ্যে এগিয়ে আসার জন্য তিনি রাজনৈতিক দলগুলির প্রতি আহ্বান জানান।

শিক্ষা সপ্তাহের জাতীয় পর্যায়ের অনুষ্ঠানের প্রথম দিনে গতকাল 'শিক্ষা ও গণতন্ত্র' শীর্ষক সেমিনারের মূল প্রবন্ধে তিনি একথা বলেন। শিল্পকলা মিলনায়তনে অনুষ্ঠিত এই সেমিনারের উদ্যোক্তা শিক্ষা মন্ত্রণালয়।

সেমিনারের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব জনাব আ.ন.ম ইউসুফ। আলোচনায় অংশ নেন অধ্যাপিকা জাহানারা বেগম এমপি, বিশিষ্ট সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, বেগম খুরশিদা খাতুন, এফিলিয়েটিং বিশ্ববিদ্যালয়ের প্রকল্প উপদেষ্টা প্রফেসর এম এ বারী, রফিকুল ইসলাম সরকার, বেগম রাশেদা খাতুন এমপি, অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ প্রমুখ।

মূল প্রবন্ধে প্রফেসর এম শামসুল হক বলেন, গণতন্ত্র ও শিক্ষা পরস্পর নির্ভরশীল। একমাত্র গণতান্ত্রিক পরিবেশেই শিক্ষার প্রকৃত বিকাশ সম্ভব। গণতন্ত্রে জোর-জবরদস্তির কোন স্থান নেই। স্বাধীন ইচ্ছার স্বতঃস্ফূর্ত প্রকাশেই গণতন্ত্র মুক্তি পেতে পারে।

**মুক্ত আলোচনা**

শিক্ষা সপ্তাহের উদ্বোধনী দিনের দ্বিতীয় অধিবেশনে ছিল মুক্ত আলোচনা। বিশিষ্ট বিজ্ঞান লেখক ও সরকারের বিজ্ঞান শিক্ষা প্রকল্পের উপদেষ্টা ডক্টর আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীনের সভাপতিত্বে এই অধিবেশনে আলোচনায় অংশ নেন রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান গাজী আবদুস সালাম, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব জনাব শহীদুল্লাহ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ডক্টর মোজাম্মেল হক, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর আবুল হোসেন, ডক্টর খন্দকার বজলুল হক, জনাব আলী, এম এ মতিন মিয়া, শরিফুল ইসলাম, রুহুল কুদ্দুস কাজল ও হাফেজা আসমা খাতুন এমপি। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন প্রফেসর আবদুল্লাহ আবু সায়ীদ।